

অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 4/8/2022

গভর্নর ক্যাথি হোকল

HHS এর সচিব জেভিয়ার বেকেরার সাথে কল করে গভর্নর ক্যাথি হোকলের বিবৃতি বাইডেন প্রশাসনের পুতিনের ভয়ংকর যুদ্ধ থেকে পালিয়ে আসা 100,000 শরণার্থীকে স্থাগত জানানোর জন্য পরিকল্পনার বিষয়ে

"আজ সকালে, আমি সেক্রেটারি বেকেরার সাথে কথা বলেছি ইউক্রেন ও ওই অঞ্চলকে গ্রাস করেছে যে ভয়ঙ্কর সহিংসতা, তা থেকে পালিয়ে আসা ব্যক্তিদের সাহায্য করার জন্য নিউ ইয়র্ক স্টেটের সম্মতি এবং তৎপরতা পুনর্ব্যক্ত করতে। মার্কিন যুক্তরাষ্ট্রের বৃহত্তম ইউক্রেনীয় সম্প্রদায়ের গর্বিত আবাসস্থল হিসাবে, আমরা বিশ্বব্যাপী সঙ্কটের এই মুহুর্তে তাঁর অব্যাহত নেতৃত্বের জন্য প্রেসিডেন্ট বাইডেনের কাছে কৃতজ্ঞ এবং ভ্লাদিমির পুতিনের ভয়ঙ্কর যুদ্ধ থেকে পালিয়ে আসা ব্যক্তিদের স্থাগত জানাতে তাঁর প্রশাসনের অঙ্গীকারবদ্ধতাকে সাধুবাদ জানাই।

"ইউক্রেনের জনগণ সহ, যাদের হাজার হাজার মানুষ কয়েক দশক ধরে আমাদের রাজ্যে বসতি স্থাপন করেছে, সংঘাতের কারণে বাস্তুচ্যুত জনসংখ্যার জন্য একটি নিরাপদ আশ্রয় হিসাবে আমাদের রাজ্যের একটি দীর্ঘ এবং অলংকৃত ইতিহাস আছে। ঠিক যেমন স্ট্যাচু অফ লিবার্টি আমাদের বন্দরে দাঁড়িয়ে আছে যাদের প্রয়োজন তাদের স্বাগত জানাতে, নিউ ইয়র্কবাসীরাও ইউক্রেনীয় উদ্বাস্তদের কন্ট লাঘব করতে এবং আমাদের সম্প্রদায়ের মধ্যে তাদের একটি মসৃণ রূপান্তর নিশ্চিত করতে যে কোনও উপায়ে সহায়তা করতে প্রস্তুত।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে <u>www.governor.ny.gov</u>-এ নিউ ইয়র্ক স্টেট| এক্সিকিউটিভ চেম্বার | <u>press.office@exec.ny.gov</u> | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন